

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৬৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - সাত্র (সতর)

আরবী

وَعَنْ شَدَّادِ بْنِ أَوْسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «خَالِفُوا الْيَهُودَ فَإِنَّهُمْ لَا يُصِلُونَ فِي نِعَالِهِمْ وَلَا خِفَافِهِمْ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৭৬৫-[১২] শাদ্দাদ ইবনু আওস (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা জুতা-মোজাসহ সালাত আদায় করে ইয়াহূদীদের বিপরীত কাজ করবে। কারণ জুতা-মোজা পরে তারা সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে না। (আবু দাউদ)[1]

ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, জুতা পরে সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের ক্ষেত্রে তোমরা ইয়াহূদীদের বিরোধিতা কর। কারণ ইয়াহূদীরা জুতা ও মোজা পড়ে সালাত আদায় করতে অপছন্দ করতো। এ হাদীস জুতা পরে সালাত আদায় করার বৈধতার প্রমাণ। ইয়াহূদীদের বিরোধিতা করার উদ্দেশ্যের দিক থেকে জুতা পরে সালাত আদায়কে মুস্তাহাব বলা যেতে পারে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন